# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯২৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৯. তৃতীয় অনুচ্ছেদ - দেউলিয়া (দারিদ্র্য) হওয়া এবং ঋণীকে অবকাশ দান

## আরবী

عَن سُوَيْد بن قيس قَالَ: جَلَبْتُ أَنَا وَمَخْرَفَةُ الْعَبْدِيُّ بَزًّا مِنْ هَجَرٍ فَأَتَيْنَا بِهِ مَكَّةَ فَجَاءَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمْشِي فَسَاوَمَنَا بِسَرَاوِيلَ فَبِعْنَاهُ وَثمّ رجل يزن بِالْأَجْرِ فَقَالَ لَهُ رَسُول الله: «زِنْ وَأَرْجِحْ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَالدَّارِمِيُّ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ

## বাংলা

২৯২৪-[২৬] সুওয়াইদ ইবনু কায়স (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি এবং মাখরাফাতুল ’আবদী (রাঃ) ’হাজার’ নামক অঞ্চল হতে ব্যবসার উদ্দেশে কাপড় নিয়ে মক্কায় আসলাম। এমতাবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট দিয়ে যাচ্ছিলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাদের নিকট হতে একটি পায়জামা কিনতে চাইলেন। আমরা তাঁর নিকট তা বিক্রি করলাম। (অর্থের) বিনিময়ে বিভিন্ন দ্রব্য-সামগ্রী ওযন পরিমাপ করে দেয় এমন এক ব্যক্তি সেখানে উপস্থিত ছিল। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাকে (রৌপ্য-মুদ্রার বিনিময়ে) ওযন করে দিতে বললেন এবং এটাও বললেন, ওযন করার সময় প্রাপ্যের চেয়ে একটু বেশি দেবে। (আহমাদ, আবূ দাঊদ, তিরমিযী, ইবনু মাজাহ ও দারিমী; আর ইমাম তিরমিযী বলেছেন, হাদীসটি হাসান সহীহ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩৩৩৬, তিরমিযী ১৩০৫, ইবনু মাজাহ ২২২০, আহমাদ ১৯০৯৮, দারিমী ২৬২৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে দলীল রয়েছে যে, ওযন কিংবা পরিমাপ করার উপরে পারিশ্রমিক গ্রহণ করা জায়িয। এর অর্থ হলো, বণ্টনকারী ও হিসাবরক্ষকের পারিশ্রমিক প্রদান। তবে সা’ঈদ বিন মুসাইয়্যাব (রহঃ) ওযনকারীর পারিশ্রমিক দেয়া অপছন্দ করতেন। ইমাম আহমাদ বিন হাম্বলও অপছন্দ করতেন। (তুহফাতুল আহওয়াযী ৪র্থ

খন্ড, হাঃ ১৩০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সুওয়ায়দ ইবন কায়স (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68251

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন